DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:10 PM

জাতীয়

# ইরানের বিরুদ্ধে হামলায় বাংলাদেশের কোনো সমর্থন নেই: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০৫ সেপ্টেম্বর ২০২৬, ১০:৫৩ AM



ইরানের বিরুদ্ধে কোনো ধরনের হামলা, আগ্রাসন বা সামরিক পদক্ষেপে বাংলাদেশের সমর্থন, সম্পৃক্ততা বা আহ্বান নেই বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।

বুধবার (২ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমি জাহনাবাদির সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

হুমায়ুন কবির বলেন, ইরানের রাষ্ট্রদূতের সঙ্গে খুবই ভালো ও সৌজন্যমূলক বৈঠক হয়েছে। এতে মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতি ও সংঘাত নিয়ে আলোচনা হয়েছে।

তিনি বলেন, মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমানোর আহ্বান বাংলাদেশ শুরু থেকেই জানিয়ে আসছে। সংঘাত প্রশমনে এটি বাংলাদেশের ধারাবাহিক ও স্পষ্ট কূটনৈতিক অবস্থান।

ইরানের বিরুদ্ধে বাংলাদেশের অবস্থান স্পষ্ট করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, কোনো ধরনের হামলা, আগ্রাসন বা সামরিক পদক্ষেপে

বাংলাদেশের সমর্থন, সম্পৃক্ততা কিংবা আহ্বান নেই।

হুতিদের সৃষ্ট নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় সৌদি আরবকে বাংলাদেশ সহায়তা করছে বলে জানান তিনি। তার ভাষ্য, সৌদি আরব যেন ওই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে, বাংলাদেশ শুধু সেই প্রচেষ্টাতেই সহায়তা করছে।

হুমায়ুন কবির বলেন, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে প্রায় ৮০ লাখ বাংলাদেশি নাগরিক কাজ করছেন। তাদের নিরাপত্তা নিশ্চিত করা বাংলাদেশের অন্যতম অগ্রাধিকার।

সংঘাত নিরসনে সব পক্ষকে আলোচনায় বসার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। কূটনৈতিক উপায়ে শান্তিপূর্ণভাবে সংকট সমাধানের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ইরানের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের ও ঐতিহাসিক। ভবিষ্যতেও এই সহযোগিতা অব্যাহত রাখতে চায় বাংলাদেশ।

বৈঠকে সৌদি আরবের নেতৃত্বাধীন জোটের অধীনে নিরাপত্তা সহযোগিতা নিয়েও আলোচনা হয়েছে। পাশাপাশি অন্যান্য প্রতিরক্ষামূলক জোটে বাংলাদেশের সম্পৃক্ততার বিষয়টি উঠে আসে।

হুমায়ুন কবির বলেন, লোহিত সাগর ও মধ্যপ্রাচ্যের সামুদ্রিক নিরাপত্তা জোরদারে সৌদি আরবকে সহযোগিতা করছে বাংলাদেশ। সমুদ্রপথের নিরাপত্তায় দেশটির পাশে থেকে বাংলাদেশ বহু বছর ধরে কাজ করছে।

সৌদি আরব দুটি পবিত্র মসজিদের রক্ষক হওয়ায় দেশটিতে স্থিতিশীল পরিবেশ নিশ্চিত করা গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন তিনি। ইরানও বাংলাদেশের এই অবস্থান বুঝতে পেরেছে বলে জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

হরমুজ প্রণালী নিয়ে যা বললেন

হরমুজ প্রণালী পুরোপুরি উন্মুক্ত ও নিরাপদ রাখার বিষয়টি কোনো একটি পক্ষের সিদ্ধান্তের ওপর নির্ভর করে না বলে মন্তব্য করেছেন হুমায়ুন কবির।

তিনি বলেন, এ অঞ্চলের সংঘাতের সঙ্গে অনেক জটিল বিষয় জড়িত। এতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে একাধিক পক্ষ সম্পৃক্ত। তাই শুধু একটি দেশকে আলাদা করে পুরো পরিস্থিতির দায় দেওয়া সম্ভব নয়।

---

## এ বিভাগের আরও খবর




**কর্ণফুলীতে মাইক্রোবাস-কাভার্ডভ্যান সংঘর্ষে নিহত ৪**

চট্টগ্রামের কর্ণফুলীতে মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহত ব্যক্তিদের মধ্যে...



### ফেনীতে প্রধানমন্ত্রীর সফর স্থগিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের আগামী ১৭ সেপ্টেম্বর ফেনী সফর স্থগিত করা হয়েছে। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রী ফেনী সফর করবেন বলে জানিয়েছে...



### নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে শেভরনকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক জ্বালানি কোম্পানি শেভরনকে আরও বেশি বিনিয়োগের আহ...



### পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির

পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, বিমান যোগাযোগ, শিক্ষা ও প্রশিক্ষণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/iraner-biruddhe-hamlay-bangladesher-kono-smrthn-nei-prrashtr-prtimntri